গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং ৩৮.০১.০০০০.১৪৩.১১.০১০.২৫- ২৭৬

তারিখঃ ১১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয় : সরকারি প্রাথমিক বিদ্যালয়ে " সহকারী শিক্ষক নিয়োগ ২০২৫" এর লিখিত পরীক্ষা গ্রহণ সংক্রান্ত সংবাদ বিজ্ঞপ্তি (সংশোধিত)।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ০৫.১১.২০২৫ তারিখের ৩৮.০১.০০০০.১৪৩.১১.০১০.২৫-২০৭ নম্বর ও ১২.১১.২০২৫ তারিখের ৩৮.০১.০০০০.১৪৩.১১.০২৪.২৫-২১৫ নম্বর স্মারকে জারিকৃত বিজ্ঞাপিত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের " সহকারী শিক্ষক" পদে নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষা **আগামী ০২ জানুয়ারি ২০২৬ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে ১১:৩০ ঘটিকা পর্যন্ত আবেদনকারীদের নিজ নিজ জেলায়** অনুষ্ঠিত হবে। **পরীক্ষার্থীদের অবশ্যই সকাল ০৯:০০ ঘটিকার মধ্যে কেন্দ্রে প্রবেশ করতে হবে।**

২। প্রার্থীদের আবেদনে উল্লিখিত মোবাইল নম্বরে যথাসময়ে <u>০১৫৫২-১৪৬০৫৬</u> নম্বর হতে প্রবেশপত্র ডাউনলোডের এসএমএস প্রেরণ করা হবে। প্রার্থীগণ ২৭ ডিসেম্বর ২০২৫ তারিখ সকাল ১০:০০ ঘটিকা থেকে admit.dpe.gov.bd-ওয়েবসাইটে Username এবং Password দিয়ে অথবা এসএসসি-এর রোল, বোর্ড ও পাশের সন দিয়ে লগইন করে প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট কপি সংগ্রহ করতে পারবেন। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে অবশ্যই ডাউনলোডকৃত প্রবেশপত্রের রঙিন প্রিন্ট এবং নিজের জাতীয় পরিচয়পত্র (মূল এনআইডি/স্মার্টকার্ড) সঙ্গে আনতে হবে। ওএমআর শীট পূরণের নির্দেশাবলী এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য প্রবেশপত্রে পাওয়া যাবে।

৩। **পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন, কোন বই, উত্তরপত্র, নোট বা অন্য কোন কাগজপত্র, ক্যালকুলেটর, ভ্যানিটি ব্যাগ, পার্স, হাতঘড়ি বা ঘড়িজাতীয় বস্তু, ইলেকট্রনিক হাতঘড়ি বা যে কোন ধরণের ইলেকট্রনিক ডিভাইস, কমিউনিকেটিভ ডিভাইস** বা এজাতীয় বস্তু **সঙ্গে নিয়ে প্রবেশ করা বা সঙ্গে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ। যদি কোন পরীক্ষার্থী উল্লিখিত দ্রব্যাদি সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে তবে তাকে তাৎক্ষণিক বহিষ্কারসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

**৪। অসাধু ব্যক্তির যে কোন প্রতারণা থেকে সাবধান থাকার পরামর্শ দেয়া হলো।**

২৬/১২/২০২৫
(এ.কে.মোহম্মদ সামছুল আহসান)
যুগ্মসচিব
পরিচালক (পলিসি ও অপারেশন)
০২- ৫৫০৭৪৯১৮
dirpolicydpe@gmail.com